



## লালবাগের স্কুলছাত্র অপহরণ মামলায় ৩ বন্ধুর ১০ বছর করে কারাদণ্ড

আদালত প্রতিবেদক : লালবাগের চাকল্যিকর স্কুলছাত্র আম্মার শামছী অপহরণ মামলায় তার তিন বন্ধুর প্রত্যেককে দশ বছর করে সশ্রম কারাদণ্ড দেয়া হয়েছে। শনিবার ঢাকা জননিরাপত্তা বিয়ুকারী অপরাধদমন আদালত ১-এর জজ মোহাম্মদ শাহনেওয়াজ জনাকীর্ণ আদালতে এ আদেশ দিয়েছেন। সাজাপ্রাপ্ত আসামিরা হলো জিয়াউর রহমান, আলমগীর ও সালাউদ্দিন।

মামলার এজাহারে জানা যায় আসামিরা ২০০০ সালের ১৬ই অক্টোবর তাদের এক বান্ধবীর জন্মদিনের কথা বলে লালবাগের ২৩৭ নং বাসা থেকে আম্মার শামছীকে ডেকে নিয়ে যায়। তারপর আম্মার শামছী বাসায় আর ফিরে আসেনি।

১৯শে অক্টোবর তার বাবা লালবাগ থানায় ওই ঘটনার বিবরণ দিয়ে এ মামলা দায়ের করেন। ২৬শে অক্টোবর গাজীপুরের ন্যাশনাল পার্ক থেকে শামছীর অর্ধগলিত লাশ পাওয়া যায়।

পুলিশ তদন্ত করে আসামিদের বিরুদ্ধে ওই বছরের ১২ই নভেম্বর আদালতে ১৫ জনের সাক্ষ প্রমাণে তিনজন আসামিকে দোষী সাব্যস্ত করা হয়।